পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-ইআবি/পনি/ফাজিল (স্নাতক) অনার্স/৮৩/২০২৩/৯৬ তারিখ: ১৫/০২/২০২৪ খ্রি.

সংশোধিত বিজ্ঞপ্তি

ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ ফরমপূরণ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ফাজিল (স্নাতক) অনার্স মাদরাসার অধ্যক্ষবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ এর নিয়মিত, অনিয়মিত, রিটেইক, মান-উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণের নিমিত্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন করতে হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলি এবং ফি-এর হার নিম্নে উল্লেখ করা হলো–

১। অন-লাইনে (eFF) ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলি:

ক্রম.	কাজের বিবরণ	তারিখ
১	বিলম্ব ফি ব্যতীত অনলাইন eFF করার তারিখ	০১.০২.২০২৪ হতে ২৯.০২.২০২৪ তারিখ পর্যন্ত
২	বিলম্ব ফি ব্যতীত পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ Payslip এর মাধ্যমে ব্যাংকে টাকা জমা দেয়ার তারিখ	০৩.০৩.২০২৪ হতে ০৭.০৩.২০২৪ তারিখ পর্যন্ত
৩	বিলম্ব ফিসহ অনলাইন eFF করার তারিখ	১০.০৩.২০২৪ হতে ১৪.০৩.২০২৪ তারিখ পর্যন্ত
৪	বিলম্ব ফিসহ পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ Payslip এর মাধ্যমে ব্যাংকে টাকা জমা দেয়ার তারিখ	১৮.০৩.২০২৪ হতে ২১.০৩.২০২৪ তারিখ পর্যন্ত
৫	ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ এর পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ ব্যাংকে টাকা জমা দেয়ার Payslip, ফরমপূরণের টপশীট, আনুষঙ্গিক কাগজপত্র ও অনলাইনে (eFF) ফরম পূরণের পর প্রাপ্ত পরীক্ষার্থীদের তালিকা অধ্যক্ষের স্বাক্ষরসহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দেয়ার তারিখ	২৪.০৪.২০২৪ হতে ৩০.০৪.২০২৪ তারিখ পর্যন্ত

উল্লেখ্য যে, ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ এর ফরমপূরণের পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ ব্যাংকে টাকা জমা দেয়ার Payslip এর বিপরীতে পৃষ্ঠায় মাদরাসার অধ্যক্ষ সীলমোহরসহ স্বাক্ষর, ফরমপূরণের টপশীট ও আনুষঙ্গিক কাগজপত্র প্রতিটি বর্ষ ভিত্তিক ও বিষয় ভিত্তিক আলাদাভাবে/পৃথকভাবে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে।

২। পরীক্ষার্থীর যোগ্যতা:

২.১। ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষ

ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষে ভর্তি হওয়ার পর যে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে, তারা ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষ পরীক্ষা-২০২২ তে অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে কিন্তু ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষ পরীক্ষা-২০২০ এবং ২০২১ তে অংশগ্রহণ করতে পারেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষে ভর্তিকৃতদের সাথে ২০০/-(দুইশত) টাকা পুনঃভর্তি ফি প্রদান করে ভর্তি হয়ে থাকলে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষ পরীক্ষা-২০২২ এ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী অংশগ্রহণ করতে পারবে।

২.২। ফাজিল (স্নাতক) অনার্স ২য় বর্ষ

ক) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীরা ফাজিল (স্নাতক) অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০২২ তে অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ফাজিল (স্নাতক) অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০২১ তে অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২য় বর্ষে ভর্তিকৃতদের সাথে ২০০/-(দুইশত) টাকা পুনঃভর্তি ফি প্রদান করে ভর্তি হয়ে থাকলে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০২২ এ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী অংশগ্রহণ করতে পারবে।

২.৩। ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ

ক) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীরা ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২২তে অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২১ তে অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ৩য় বর্ষে ভর্তিকৃতদের সাথে ২০০/-(দুইশত) টাকা পুনঃভর্তি ফি প্রদান করে ভর্তি হয়ে থাকলে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২২ এ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রণীত সিলেবাস অনুযায়ী অংশগ্রহণ করতে পারবে।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

২.৪। ফাজিল (স্নাতক) অনার্স ৪র্থ বর্ষ

ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২১ তে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারা ফাজিল (স্নাতক) অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ এ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রণীত সিলেবাস অনুযায়ী অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ফাজিল (স্নাতক) অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২১ তে অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ৪র্থ বর্ষে ভর্তিকৃতদের সাথে ২০০/-(দুইশত) টাকা পুনঃভর্তি ফি প্রদান করে ভর্তি হয়ে থাকলে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ এ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রণীত সিলেবাস/পুরাতন সিলেবাস অনুযায়ী অংশগ্রহণ করতে পারবে।

৩। রিটেইক (Retake):

ক) যে সকল শিক্ষার্থী ২০২১ সালের ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষ পরীক্ষায় যে সকল বিষয়ে F গ্রেড প্রাপ্ত হয়েছে, তারা প্রতি বিষয়ের জন্য ৪০০/-(চারশত) টাকা করে পরীক্ষার ফি বাবদ ব্যাংকে Payslip এর মাধ্যমে জমাদান ও রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষ পরীক্ষা-২০২২ তে উক্ত বিষয় অথবা বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

খ) যে সকল শিক্ষার্থী ২০২১ সালের ফাজিল (স্নাতক) অনার্স ২য় বর্ষ পরীক্ষায় যে সকল বিষয়ে F গ্রেড প্রাপ্ত হয়েছে, তারা প্রতি বিষয়ের জন্য ৪০০/-(চারশত) টাকা করে পরীক্ষার ফি বাবদ ব্যাংকে Payslip এর মাধ্যমে জমাদান ও রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০২২ তে উক্ত বিষয় অথবা বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

গ) যে সকল শিক্ষার্থী ২০২১ সালের ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় যে সকল বিষয়ে F গ্রেড প্রাপ্ত হয়েছে, তারা প্রতি বিষয়ের জন্য ৪০০/-(চারশত) টাকা করে পরীক্ষার ফি বাবদ ব্যাংকে Payslip এর মাধ্যমে জমাদান ও রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২২ তে উক্ত বিষয় অথবা বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

ঘ) যে সকল শিক্ষার্থী ২০২১ সালের ফাজিল (স্নাতক) অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় যে সকল বিষয়ে F গ্রেড প্রাপ্ত হয়েছে, তারা প্রতি বিষয়ের জন্য ৪০০/-(চারশত) টাকা করে পরীক্ষার ফি বাবদ ব্যাংকে Payslip এর মাধ্যমে জমাদান ও রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ তে উক্ত বিষয় অথবা বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

৪। মান-উন্নয়ন/গ্রেড উন্নয়ন:

যে সকল শিক্ষার্থী ২০২১ সালের ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষায় যে সকল বিষয়ে D গ্রেড প্রাপ্ত হয়েছে, তারা প্রতি বিষয়ের জন্য ৪০০/-(চারশত) টাকা করে পরীক্ষার ফি বাবদ ব্যাংকে Payslip এর মাধ্যমে জমাদান ও রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ তে উক্ত বিষয় অথবা বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

৫। রেজিস্ট্রেশন সংক্রান্ত:

আবেদন ফরমে পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ না থাকলে ফরম পূরণের আবেদন গ্রহণ করা হবে না। সংশ্লিষ্ট পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ও বিভাগ সম্পর্কে নিশ্চিত হয়ে ফরম ফিলাপ করার জন্য অধ্যক্ষবৃন্দকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৬। অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলি:

ক) eFF -এর Login Password -এর ক্ষেত্রে eSIF -এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে শিক্ষার্থীদের সংখ্যা অনুযায়ী পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ Payslip এর মাধ্যমে সমপরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত Payslip এর মূল কপি অবশ্যই পরীক্ষা নিয়ন্ত্রক দফতরে জমা দিতে হবে।

খ) অসম্পূর্ণ আবেদন যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

৭। যাবতীয় ফি-এর হার নিম্নে দেওয়া হলো :

ক. ফাজিল (স্নাতক) অনার্স ১ম ও ২য় বর্ষ (নতুন সিলেবাস অনুযায়ী):

বিষয়ের নাম	পরীক্ষার ফি (প্রতি কোর্স)	টিউটোরিয়াল/ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি কোর্স)	জাতীয় শিক্ষা সপ্তাহ (প্রতি শিক্ষার্থী)	মোট	গ্রেড উন্নয়ন/রিটেইক পরীক্ষার ফি (প্রতি কোর্স)	বিলম্ব ফি (প্রতি পরীক্ষার্থী)
* আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ * আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ * দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ * আরবি ভাষা ও সাহিত্য * ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২২০ X ৭	৫০ X ৭	৫.০০	১৮৯৫.০০	৪০০.০০	৪০০.০০

খ. ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ (নতুন সিলেবাস অনুযায়ী):

বিষয়ের নাম	পরীক্ষার ফি (প্রতি কোর্স)	টিউটোরিয়াল/ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি কোর্স)	জাতীয় শিক্ষা সপ্তাহ (প্রতি শিক্ষার্থী)	মোট	গ্রেড উন্নয়ন/রিটেইক পরীক্ষার ফি (প্রতি কোর্স)	বিলম্ব ফি (প্রতি পরীক্ষার্থী)
* আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ * আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ * দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ * আরবি ভাষা ও সাহিত্য * ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২২০ X ৮	৫০ X ৮	৫.০০	২১৬৫.০০	৪০০.০০	৪০০.০০

গ. ফাজিল (স্নাতক) অনার্স ৪র্থ বর্ষ (নতুন সিলেবাস অনুযায়ী):

বিষয়ের নাম	পরীক্ষার ফি (প্রতি কোর্স)	টিউটোরিয়াল/ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি কোর্স)	মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)	জাতীয় শিক্ষা সপ্তাহ (প্রতি পরীক্ষার্থী)	নম্বরপত্র ফি	সাময়িক সনদপত্র ফি	মোট	গ্রেড উন্নয়ন/রিটেইক পরীক্ষার ফি (প্রতি কোর্স)	বিলম্ব ফি (প্রতি পরীক্ষার্থী)
* আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ * আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ * দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ * আরবি ভাষা ও সাহিত্য * ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২২০ X ৯	৫০ X ৯	৪০০.০০	৫.০০	২০০.০০	২৫০.০০	৩২৮৫.০০	৪০০.০০	৪০০.০০

ঘ. ফাজিল (স্নাতক) অনার্স ৪র্থ বর্ষ (পুরাতন সিলেবাস অনুযায়ী):

বিষয়ের নাম	পরীক্ষার ফি (প্রতি কোর্স)	টিউটোরিয়াল/ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি কোর্স)	মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)	জাতীয় শিক্ষা সপ্তাহ (প্রতি পরীক্ষার্থী)	নম্বরপত্র ফি	সাময়িক সনদপত্র ফি	মোট ফি	গ্রেড উন্নয়ন/রিটেইক পরীক্ষার ফি (প্রতি কোর্স)	বিলম্ব ফি (প্রতি পরীক্ষার্থী)
* আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ * আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ * দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ	২২০ X ১১	৫০ X ১১	৪০০.০০	৫.০০	২০০.০০	২৫০.০০	৩৮২৫.০০	৪০০.০০	৪০০.০০
* আরবি ভাষা ও সাহিত্য * ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২২০ X ৯	৫০ X ৯	৪০০.০০	৫.০০	২০০.০০	২৫০.০০	৩২৮৫.০০	৪০০.০০	৪০০.০০

উল্লেখ্য যে, ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ এর পরীক্ষার্থীর কেন্দ্র ফি বাবদ জনপ্রতি ৫০০.০০(পাঁচশত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন।

৮। পরীক্ষা ফি ব্যাংকে জমা দেওয়ার নিয়মাবলি:

প্রথম ধাপ : iau.edu.bd/payment তে প্রবেশ করুন।
দ্বিতীয় ধাপ : EIIN ও Password দিয়ে Login করুন।
তৃতীয় ধাপ : Payment Information এ ক্লিক করুন।
চতুর্থ ধাপ : সংশ্লিষ্ট পরীক্ষার Payslip Download করে অগ্রণী ব্যাংক লি: এর যে কোন শাখায় টাকা জমা দিন।

(Payslip Download করতে কোন সমস্যা হলে ০১৭১৮-৯৫৫৫৯৬ এই নাম্বারে যোগাযোগ করুন।)

৯। অন্যান্য বিষয় সংক্রান্ত:

ক) পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ ব্যাংকে টাকা জমা দেয়ার Payslip এর বিপরীতে পৃষ্ঠায় মাদরাসার অধ্যক্ষ সীলমোহরসহ স্বাক্ষর করবেন।

খ) পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ ব্যাংকে টাকা জমা দেয়ার Payslip, ফরমপূরণের টপশীট ও আনুষঙ্গিক কাগজপত্র পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে। অন্যথায় এর দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

গ) ফরম পূরণ সংক্রান্ত কাগজপত্র ডাকযোগে পাঠানো হলে তা গ্রহণ করা হবে না।

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

ঘ) নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদি ফি হিসেবে গ্রহণ করা হবে না।

ঙ) অবৈধ রেজিস্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলি, বহিষ্কার হওয়ার কারণে ২০২২ সালের পরীক্ষা দেওয়ার যোগ্য নয় এমন ধরণের শিক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন। এ ধরণের পরীক্ষার্থীর ফলাফল বাতিল বলে গণ্য হবে।

চ) বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনোক্রমেই পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ ব্যাংকে টাকা জমা দেয়ার Payslip গ্রহণ করা হবে না।

ছ) উল্লেখ্য যে, ২০২১-২০২২, ২০২০-২০২১, ২০১৯-২০২০, ২০১৮-২০১৯ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ থেকে ২০২২ সালের ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ নতুন সিলেবাস অনুযায়ী পরীক্ষার বিষয় কোড হবে ০৬ (ছয়) ডিজিটের।

জ) ২০২২ সালের ফাজিল স্নাতক (অনার্স) ৪র্থ বর্ষ পুরাতন সিলেবাস (প্রযোজ্য ক্ষেত্রে) অনুযায়ী পরীক্ষার বিষয় কোড হবে ০৩ (তিন) ডিজিটের।

১০। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফাজিল স্নাতক (অনার্স) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ এর ফরমপূরণ সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় কোন আপত্তি/অভিযোগ গৃহীত হবে না।

যোগাযোগের জন্য

আইসিটি শাখা: ০১৭০৯-৩৮৯০০৭
অনার্স শাখা : ০১৭১১-৮৭৪৮৯১

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদিনক্রমে

(এ.কে.এম আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং-ইআবি/পনি/ফাজিল (স্নাতক) অনার্স/৮৩/২০২৩/১৭৬

তারিখ: ১৫/০২/২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট ফাজিল (স্নাতক) অনার্স মাদরাসা।
৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট ফাজিল (স্নাতক) অনার্স মাদরাসা।
৬। অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সংশ্লিষ্ট ফাজিল (স্নাতক) অনার্স মাদরাসা।
৭। ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮। প্রো-ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯। সেকশন অফিসার, ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০। কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১। পরিদর্শন দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২। জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৩। আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৪। অফিস কপি।

(মো: আরফান আলী শাহ)
সেকশন অফিসার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
০১৭৩৭-৮৪৬০২৯